রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-২৮৮-আইন/২০১৬।**—বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩নং আইন) এর ধারা ১৪৬, ধারা ২১(১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

**১। শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বীমাকারীর মূলধন ও শেয়ার ধারণ বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) "নিবন্ধন" অর্থ আইনের ধারা ২(১৭) এ সংজ্ঞায়িত নিবন্ধন;

(ঘ) "প্রাথমিক গণপ্রস্তাব" অর্থ কোন প্রতিষ্ঠান কর্তৃক জনসাধারণের নিকট উহার শেয়ার বিক্রয়ের প্রথম প্রস্তাব;

(ঙ) "বীমাকারী" অর্থ আইনের ধারা ২(২৫) এ সংজ্ঞায়িত কোন বীমাকারী।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩নং আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২নং আইন) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **বীমাকারী কর্তৃক মূলধন ও শেয়ার ধারণ**।—(১) প্রত্যেক বীমাকারীর মোট পরিশোধিত মূলধনের শতকরা ৬০(ষাট) ভাগ উদ্যোক্তা (subscriber) কর্তৃক প্রদেয় হইবে এবং প্রাথমিক গণপ্রস্তাব আহ্বানের মাধ্যমে অবশিষ্ট শতকরা ৪০ (চল্লিশ) ভাগ মূলধন নিবন্ধনের তারিখ হইতে পরবর্তী ৩(তিন) বৎসর পর্যন্ত জনসাধারণের নিকট হইতে চাঁদা (subscription) সংগ্রহের নিমিত্ত উন্মুক্ত থাকিবে।

(২) উদ্যোক্তাগণকে নিবন্ধনের আবেদনের সময় কর্তৃপক্ষ বরাবর এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে যে, উপ-বিধি (১) এ উল্লিখিত সময়কালের মধ্যে জনসাধারণের জন্য উন্মুক্ত মূলধনের অংশ সংগ্রহ শুরু করিবার পূর্বে তাহারা বাংলাদেশ সিকিউরিটিজ্ এন্ড এক্সচেঞ্জ কমিশনের লাইসেন্সপ্রাপ্ত আন্ডাররাইটারদের নিকট হইতে প্রতিশ্রুতি অর্জন করিবেন যে, পাবলিক শেয়ারের সম্পূর্ণ বা অংশ-বিশেষ চাঁদার মাধ্যমে সংগৃহীত না হইলে উহা উক্ত আন্ডাররাইটার কর্তৃক প্রদত্ত চাঁদার মাধ্যমে সংগৃহীত হইবে।

(৩) উপ-বিধি (১) এ বর্ণিত সময়ের মধ্যে প্রাথমিক গণপ্রস্তাব আহ্বানের মাধ্যমে চাঁদা সংগ্রহ করিতে কোন বীমাকারী ব্যর্থ হইলে, উক্ত বীমাকারী কারণ উল্লেখপূর্বক কর্তৃপক্ষ বরাবর সময়সীমা বৃদ্ধির আবেদন করিতে পারিবে এবং কর্তৃপক্ষ উক্ত আবেদনে সন্তুষ্ট হইলে, উপ-বিধি (১) এ উল্লিখিত সময়সীমা আরো অনধিক ২ (দুই) বৎসর পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবে।

(৪) বীমাকারী অনধিক ৩ (তিন) বৎসরের মধ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আইনের তফসিল-১ অনুসারে প্রয়োজনীয় মূলধন উত্তোলন করিতে পারিবে।

(৫) কোন ব্যক্তি বা তাহার পরিবারের সদস্যবৃন্দ এককভাবে বা যৌথভাবে বা কোন কোম্পানি কোন বীমাকারীর শতকরা ১০(দশ) ভাগের অতিরিক্ত শেয়ার ধারণ করিতে পারিবেন না।

(৬) উদ্যোক্তা পরিচালকের শেয়ার বীমাকারীর মোট পরিশোধিত মূলধনের শতকরা ২(দুই) ভাগের নিম্নে হইতে পারিবে না।

(৭) উদ্যোক্তাগণ বীমাকারীর পরিশোধিত মূলধনের চাঁদা প্রদান করিবার সময়, এই মর্মে একটি শপথনামা বা ঘোষণাপত্র দাখিল করিবেন যে, তিনি অন্য কোন ব্যক্তির নমিনি হিসাবে বা অন্য কোন ব্যক্তির নামে শেয়ার ক্রয় করিতেছেন না অথবা তিনি পূর্বে অন্য কোন ব্যক্তির নমিনি হিসাবে বা অন্য কোন ব্যক্তির নামে শেয়ার ক্রয় করেন নাই।

(৮) উপ-বিধি (৭) এর বিধান অনুযায়ী দাখিলকৃত শপথনামা বা ঘোষণাপত্র মিথ্যা বলিয়া প্রমাণিত হইলে, যে ব্যক্তি উক্তরূপ শপথনামা বা ঘোষণাপত্র দাখিল করিয়াছেন তৎকর্তৃক সংশ্লিষ্ট বীমাকারীর ধারণকৃত সমূদয় শেয়ার কর্তৃপক্ষের অনকূলে বাজেয়াপ্ত হইবে :

তবে শর্ত থাকে যে, উক্তরূপ বাজেয়াপ্তির পূর্বে সংশ্লিষ্ট বীমাকারীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান করিতে হইবে।

৪। **অবিক্রিত শেয়ারের ক্ষেত্রে করণীয়**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে যদি কোন ব্যক্তি বিধি ৩ এর উপ-বিধি (৫) এ নির্ধারিত শেয়ারের অধিক ধারণ করিয়া থাকেন, তবে তিনি এই বিধিমালা কার্যকর হইবার ৩ (তিন) বৎসরের মধ্যে অতিরিক্ত শেয়ার এমন কোন ব্যক্তির নিকট বিক্রয় করিবেন যিনি তাহার পরিবারের সদস্য নহেন অথবা এমন কোন কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করিবেন যেখানে তাহার বা তাহার পরিবারের কোন শেয়ার নাই।

(২) উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী অতিরিক্ত শেয়ার নির্ধারিত সময়ের মধ্যে বিক্রয় করা না হইলে অধিক শেয়ার ধারণকারী ব্যক্তি উহা কর্তৃপক্ষকে অবহিত করিবেন এবং কর্তৃপক্ষ উহা সরকারকে অবহিত করিবে।

(৩) উপ-বিধি (২) এর বিধান অনুযায়ী অবহিত হইবার পর সরকার বা তৎকর্তৃক নির্দিষ্টকৃত কোন সংস্থা উক্ত শেয়ার ক্রয় করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, উক্ত শেয়ারের ক্রয় মূল্য উহার ফেস ভেল্যু ও বাজার মূল্যের গড় মূল্য অথবা বাজার মূল্য যাহা স্বল্পতর হয় তাহার বেশি হইবে না।

**৫। জরিমানা আরোপ।**—(১) যদি কোন বীমাকারী বিধি ৩ এর অধীন নির্ধারিত বা, ক্ষেত্রমত, বর্ধিত সময়ের মধ্যে পরিশোধিত মূলধনের অবশিষ্ট শতকরা ৪০ (চল্লিশ) ভাগ মূলধন প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে উত্তোলন করিতে ব্যর্থ হন, তবে উক্তরূপ ব্যর্থতার জন্য আইনের ধারা ১৩০ এর দফা (খ) এর অধীন জরিমানা আরোপ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যর্থতা বিধি ৩ এর অধীন নির্ধারিত বা, ক্ষেত্রমত, বর্ধিত সময়ের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রম করিলে কর্তৃপক্ষ আইনের ধারা ১০ এর উপ-ধারা (১) এর দফা (ছ) এর অধীন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাঈদ কুতুব**
উপ-সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd